

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :-

স্থান :- উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

তারিখ:- ০৫/০৪/২০২২ খ্রিঃ

সভাপতি:- জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

আলোচ্যসূচী :-

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মাঠের বর্তমান পরিস্থিতি।
- ৩। ইদুর নিধন কল/ফাঁদ ক্রয় সংক্রান্ত।
- ৪। বিবিধ।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক	উপস্থিত সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব সৈয়দ শাহিনুর ইসলাম	উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা	স্বাক্ষরিত
২	জনাব নিজাম উদ্দীন শামীম	চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৩	জনাব আবদুর রশিদ সওদাগর	চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ
৪	জনাব মো: নজরুল ইসলাম	চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা।	ঐ

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচী-০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:- সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন রূপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী-০২। মাঠের বর্তমান পরিস্থিতি:-

সদস্য সচিব সভায় জানান যে, মাঠে বর্তমানে বোরো ধান কর্তন সম্পন্ন হয়েছে এবং ফলন ভাল হয়েছে। রোপা আউশ বীজতলা স্থাপন চলমান রয়েছে। গুটি ইউরিয়া প্রয়োগ, সুসম সার ব্যবহার, পাচিং স্থাপনসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধিতে কৃষকদেরকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। মাঠে সবজি সহ অন্যান্য ফসলের অবস্থা ভাল।

সিদ্ধান্ত:- মাঠের বর্তমান অবস্থা ভাল থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-০৩। ইদুর নিধনের কল/ফাঁদ ক্রয় সংক্রান্ত :-

সদস্য সচিব সভায় জানান ফসলের মাঠে প্রতিনিয়ত রোগ বালাই এর সাথে সাথে ইদুরের আক্রমণ হয়ে থাকে এবং ইদুর ফসলের ব্যাপক ক্ষতি করে। রোগ বালাই দমন ও ইদুর নিধনে কৃষি বিভাগের পক্ষ থেকে মাঠে কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। কিন্তু কৃষক পার্থক্যে পর্যাপ্ত পরিমানে ইদুর নিধনের কল/ফাঁদ না থাকায় সঠিক সময়ে ইদুর নিধন করা সম্ভব হয় না। এতে ফসলের ক্ষতিসহ ইদুরের কংশবৃদ্ধি বেড়ে যাচ্ছে। এমতাবস্থায় উপজেলা পরিষদের এডিবি তহবিলের কৃষি ও সেচ খাত থেকে অর্থ বরাদ্দের মাধ্যমে প্রতি ইউনিয়ন/ পৌরসভায় কমপক্ষে ১০টি করে ইদুরের কল/ফাঁদ সরবরাহের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত:- উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মহব্বত আলী)

ভাইস চেয়ারম্যান

ও সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি


লাকসাম, কুমিল্লা

স্মারক নং- ২৫২

তারিখঃ-০৫/০৪/২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৪। ----- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
- ০৫। সংরক্ষণ নথি।



(সৈয়দ শাহিনুর ইসলাম)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

লাকসাম, কুমিল্লা।